



স্মারক নং-১২.০২.০০০০.০০২.১১.২৯১.২৩- ১০৬১

তারিখঃ ১০-০৬-২০২৪ খ্রি।

অফিস আদেশ

কৃষি বিপণন অধিদপ্তরের বিভাগীয় নিয়োগ/পদোন্নতি/উচ্চতর গ্রেড প্রদান কমিটির সুপারিশক্রমে এ আদেশের ০৩ নং অনুচ্ছেদে বর্ণিত প্রার্থীগণকে কৃষি বিপণন অধিদপ্তরের কম্পিউটার অপারেটর পদে জাতীয় বেতন স্কেল, ২০১৫ এর ১১০০০-২৬৫৯০/-টাকা (গ্রেড-১৩) বেতনক্রমে এবং বিধি মোতাবেক প্রাপ্য অন্যান্য ভাতাসহ নিম্নলিখিত শর্ত সাপেক্ষে অস্থায়ী ভিত্তিতে মেধাক্রম অনুসারে নিয়োগ করা হলো:

শর্তাবলী :

- (ক) এ পদে যোগদানের জন্য প্রার্থীকে সংশ্লিষ্ট জেলার সিভিল সার্জন কর্তৃক স্বাস্থ্য পরীক্ষান্তে শারীরিক সুস্থতার সনদপত্র (ডোপ টেস্টসহ) দাখিল করতে হবে।
 - (খ) প্রার্থী কোনো সরকারি বা বেসরকারি দপ্তরে বর্তমানে কর্মরত থাকলে তাকে যথাযথ কর্তৃপক্ষের নিকট হতে অবমুক্তিপত্র (রিলিজ অর্ডার) গ্রহণ করতে হবে।
 - (গ) চাকরিতে যোগদানের পর প্রার্থীকে ০২(দুই) বৎসর শিক্ষানবিশ হিসেবে কাজ করতে হবে। শিক্ষানবিশ কালে কোনো প্রকার কারণ দর্শানো ছাড়াই কর্তৃপক্ষ তাকে চাকরিচ্যুত করতে পারবে অথবা অদক্ষতা প্রতীয়মান হলে প্রয়োজনীয় ক্ষেত্রে কর্তৃপক্ষ শিক্ষানবিশ কাল বাড়াতে পারবে।
 - (ঘ) এ আদেশে সুনির্দিষ্টভাবে বর্ণিত নেই এরূপ কোনো ক্ষেত্রে সরকারের প্রচলিত বিধি, আদেশ এবং সরকার কর্তৃক ভবিষ্যতে প্রণীতব্য বিধি বিধান দ্বারা প্রার্থীর চাকরি নিয়ন্ত্রিত হবে।
 - (ঙ) এ চাকরিতে যোগদানের জন্য কোনো ভ্রমণ ভাতা /দৈনিক ভাতা প্রদান করা হবে না।
 - (চ) পুলিশ ভেরিফিকেশনে কোনো বিরূপ মন্তব্য পাওয়া গেলে এ নিয়োগ আদেশ বাতিল বলে গণ্য হবে।
 - (ছ) সুপারিশকৃত প্রার্থীদের মধ্যে পরবর্তীকালে কোনো সময়ে কোনো যোগ্যতা বা কাগজপত্রের ঘাটতি ধরা পড়লে বা দুর্নীতি বা সনদ জালিয়াতির প্রমাণ পাওয়া গেলে বা অসত্য তথ্য প্রদান করলে বা কোনো উল্লেখযোগ্য ভুলত্রুটি পরিলক্ষিত হলে বা এরূপ কোনো তথ্য প্রকাশ পেলে বা প্রমাণিত হলে তাকে চাকরি হতে বরখাস্ত ছাড়াও যে কোনো উপযুক্ত আইনানুগ ব্যবস্থা গ্রহণ করা হবে।
 - (জ) মুক্তিযোদ্ধা কোটায় নিয়োগপ্রাপ্তদের মুক্তিযোদ্ধার সনদ পরবর্তীতে যাচাইকালে মিথ্যা বা জাল প্রমাণিত হলে তাৎক্ষণিকভাবে তার নিয়োগ বাতিল হবে এবং তার বিরুদ্ধে আইনানুগ ব্যবস্থা গ্রহণ করা হবে।
 - (ঝ) যদি তিনি কোনো বিদেশী নাগরিককে বিবাহ করে থাকেন বা বিবাহ করার অঙ্গীকারাবদ্ধ হয়ে থাকেন তবে এ নিয়োগ বাতিল বলে গণ্য হবে।
- ০২। উপযুক্ত শর্তাবলী প্রার্থীর নিকট গ্রহণীয় হলে আগামী ২৭ জুন ২০২৪ খ্রি: তারিখ পূর্বাফে সকল শিক্ষাগত যোগ্যতার মূল সনদপত্র, নাগরিকত্বের সনদপত্র, জাতীয় পরিচয় পত্র, শারীরিক সুস্থতার সনদপত্র (ডোপ টেস্টসহ) এবং প্রয়োজনীয় কাগজপত্রসহ কৃষি বিপণন অধিদপ্তর, প্রধান কার্যালয়, ঢাকায় মহাপরিচালক এর নিকট যোগদান করার জন্য অনুরোধ করা হলো।

০৩। প্রার্থীর তালিকা: (কম্পিউটার অপারেটর)

মেধাক্রম	রোল নম্বর	প্রার্থীর নাম, পিতা/মাতার নাম	স্থায়ী ঠিকানা	বর্তমান ঠিকানা
১.	১২০০০২১৫	সুব্রত দাস শুভ পিতা- জগবন্ধু দাস মাতা- আদরী রাণী দাস	বাসা ও সড়ক-শ্রীধাম দাসের বাড়ি, গ্রাম-সমসেরাবাদ, লক্ষীপুর পৌরসভা, ডাকঘর-লক্ষীপুর-৩৭০০, উপজেলা- লক্ষীপুর সদর, জেলা-লক্ষীপুর।	বাসা ও সড়ক-শ্রীধাম দাসের বাড়ি, গ্রাম-সমসেরাবাদ, লক্ষীপুর পৌরসভা, ডাকঘর-লক্ষীপুর-৩৭০০, উপজেলা- লক্ষীপুর সদর, জেলা-লক্ষীপুর।

স্বাক্ষরিত/-

(মোঃ মাসুদ করিম)


মহাপরিচালক

e.mail:dg@dam.gov.bd

সদয় অবগতি ও প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের জন্য অনুলিপি প্রেরণ করা হলো:

১. সচিব, কৃষি মন্ত্রণালয়, বাংলাদেশ সচিবালয়, ঢাকা।
২. পরিচালক(সকল), কৃষি বিপণন অধিদপ্তর, প্রধান কার্যালয়, ঢাকা।
৩. চিফ একাউন্টস এন্ড ফিন্যান্স অফিসার, কৃষি মন্ত্রণালয়, হিসাব ভবন, সেগুনবাগিচা, ঢাকা।
৪. উপপরিচালক(সকল), কৃষি বিপণন অধিদপ্তর, প্রধান কার্যালয়, ঢাকা।
৫. উপপরিচালক, বিভাগীয় কার্যালয়, কৃষি বিপণন অধিদপ্তর, ঢাকা/চট্টগ্রাম/রাজশাহী/খুলনা/বরিশাল/রংপুর/সিলেট/ময়মনসিংহ বিভাগ।
৬. সিভিল সার্জন, সিভিল সার্জনের কার্যালয়,.....
৭. ডিভিশনাল কন্ট্রোলার অব একাউন্টস, ডিভিশনাল কন্ট্রোলার অব একাউন্টস এর কার্যালয়,
৮. প্রোগ্রামার, আইসিটি শাখা, কৃষি বিপণন অধিদপ্তর, প্রধান কার্যালয়, ঢাকা (অধিদপ্তরের ওয়েবসাইটে প্রকাশের অনুরোধসহ)।
৯. মহাপরিচালকের একান্ত সচিব (মহাপরিচালক মহোদয়ের অবগতির জন্য), কৃষি বিপণন অধিদপ্তর, প্রধান কার্যালয়, ঢাকা।
১০. হিসাব রক্ষণ কর্মকর্তা, কৃষি বিপণন অধিদপ্তর, প্রধান কার্যালয়, ঢাকা।
১১. চাকরি বহি।
১২. ব্যক্তিগত নথি।
১৩. জনাব/মিজ

.....
.....।


১০/৬/২০২৪

(নিখিল চন্দ্র দে)

সহকারী পরিচালক (প্রশাসন)

টেলিফোন : ৫৫০২৮৪৩৭।